

তারিখ: ০২.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

হালকা মোটরযান শ্রমিক ইউনিয়নের মতবিনিময় সভায় ডা. শাহাদাত হোসেন যোগাযোগ ব্যবস্থাকে টেলে সাজানো ছাড়া অর্থনৈতিক সমৃদ্ধি সম্ভব নয়

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, যানজট, অপরিষ্কৃত রাস্তা ও অপরিষ্কৃত ট্রাফিক ব্যবস্থার কারণে নগরবাসী প্রতিদিন দুর্ভোগে পড়ছে। যোগাযোগ ব্যবস্থাকে টেলে সাজানো ছাড়া অর্থনৈতিক সমৃদ্ধি সম্ভব নয়। পথচারীদের জন্য আলাদা ফুটপাথ, ফুট ওভারব্রিজ এবং স্কুল, কলেজ ও হাসপাতালের সামনে শক্তিশালী ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠান যদি সম্মিলিতভাবে কাজ করে, তাহলে নগরের ট্রাফিক ব্যবস্থা আমূল পরিবর্তন হবে। রবিবার (২ নভেম্বর) চট্টগ্রাম সিটি করপোরেশনের হলরুমে হালকা মোটরযান চালক শ্রমিক ইউনিয়নের সাথে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। তিনি বলেন, আমরা শহরের উন্নয়নে কাজ করছি। শহরের সকল শ্রেণির মানুষের কল্যাণে কাজ করা আমাদের দায়িত্ব। শহরের রাস্তায় অনিয়ন্ত্রিত যানবাহন নগরবাসীর জন্য দুর্ভোগ সৃষ্টি করেছে। শহরে পে পার্কিং বাস্তবায়ন করা হলে তা নগরীর যানজট কমিয়ে আনবে। সভায় হালকা মোটরযান চালক শ্রমিক ইউনিয়নের নেতারা তাদের বিভিন্ন দাবি তুলে ধরেন। তারা চালকদের নিয়োগপত্র ও পরিচয়পত্র প্রদান, পুলিশের হয়রানি বন্ধ, মাদক পরীক্ষার জন্য বুথের সংখ্যা বৃদ্ধি, সিটি করপোরেশনের স্কুলে চালকদের সন্তানদের জন্য বিনামূল্যে শিক্ষা এবং সিটি করপোরেশনের হাসপাতালে বিনামূল্যে চিকিৎসার দাবি জানান। মেয়র হালকা মোটরযান চালক শ্রমিক ইউনিয়নের দাবি গুরুত্ব সহকারে বিবেচনা করার আশ্বাস দেন। এতে উপস্থিত ছিলেন হালকা মোটরযান চালক শ্রমিক ইউনিয়নের সভাপতি মো. কাজল ইসলাম, সহ সভাপতি মঈনুদ্দিন তাপস, সাধারণ সম্পাদক মো. আমির হোসেন, সহ সম্পাদক সাইফুল ইসলাম শাহীন, সাংগঠনিক সম্পাদক জসিম উদ্দিন, সাবেক সভাপতি মো. জসিম উদ্দিন, সাবেক সাধারণ সম্পাদক মামুনুল ইসলাম আরজু, সাবেক সদস্য ইয়াছিন মিয়াজি, তৌহিদুল আলম, মো. আলী, বাচ্চু মিয়া, জাকির হোসেন, আমান উল্লাহ, আবুল হোসেন সহ নেতৃবৃন্দ।



তরুণ প্রজন্মের জন্য চট্টগ্রামকে গ্রিন, ক্লিন, হেলদি ও সেইফ সিটি হিসেবে গড়ে তোলা হচ্ছে: মেয়র ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “তরুণ প্রজন্মের জন্য চট্টগ্রামকে একটি গ্রিন, ক্লিন, হেলদি ও সেইফ সিটি হিসেবে গড়ে তোলা হচ্ছে। শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় শিক্ষিত হতে হবে, গুরুজন ও শিক্ষক-শিক্ষিকাদের সম্মান করতে হবে। শিক্ষা ও স্বাস্থ্য খাতকে অগ্রাধিকার দিয়ে চট্টগ্রাম সিটি করপোরেশনের বাজেটে বিশেষ বরাদ্দ রাখা হয়েছে।” রোববার (২ নভেম্বর) হাজী আবদুল আলী সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জসিম উদ্দিন। মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “সিটি করপোরেশনের আওতায় ৭৮টি বিদ্যালয় ও ২৪টি কলেজ রয়েছে। এলাকাবাসীর চাহিদা অনুযায়ী এখানে একটি কলেজ স্থাপনের সম্ভাবনা যাচাই করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মান উন্নয়নে আমরা ধারাবাহিকভাবে কাজ করছি। তিনি আরও বলেন, “গত এক বছরে চট্টগ্রাম সিটি করপোরেশন জলাবদ্ধতা নিরসনে ৫০ শতাংশ অগ্রগতি অর্জন করেছে। ৫৭টি খালের মধ্যে বেশিরভাগই সংস্কার করা হয়েছে। অবশিষ্ট খালগুলো দ্রুত সংস্কারের উদ্যোগ নেওয়া হচ্ছে।” স্বাস্থ্য খাতে চলমান উদ্যোগের কথা তুলে ধরে মেয়র বলেন, “চট্টগ্রামকে একটি হেলদি সিটি গড়ে তুলতে নয় লাখেরও বেশি শিশুকে বিনামূল্যে টাইফয়েড ভ্যাকসিন দেওয়া হচ্ছে। মেয়েদের জন্য এইচপিভি টিকাদান কার্যক্রম চালু করা হয়েছে যাতে ভবিষ্যতে জরায়ু ক্যান্সার প্রতিরোধ সম্ভব হয়। এছাড়া ব্রেস্ট ক্যান্সার ও লিভার ক্যান্সার সচেতনতা মাসে বিনামূল্যে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে।” তিনি বলেন, “চসিক মেমর হাসপাতালে শিশুদের জন্য নিওনেটাল ইনটেনসিভ কেয়ার ইউনিট (এনআইসিইউ) চালু হচ্ছে এবং স্বল্পমূল্যে ডায়ালাইসিস সুবিধাও যুক্ত করা হবে। এগুলো হেলদি সিটি গড়ার লক্ষ্য পূরণে করা হচ্ছে।” মেয়র বলেন, “আমরা চাই নতুন প্রজন্মকে এমনভাবে গড়ে তুলতে যাতে তারা বৈষম্যহীন সমাজ নির্মাণে নেতৃত্ব দিতে পারে। শিক্ষা ও স্বাস্থ্য খাতে সিটি করপোরেশনের ভর্তুকিকে আমরা ব্যয় নয়, বরং জাতি গঠনে বিনিয়োগ হিসেবে দেখি।” তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “মানুষ হতে হবে। কবি নজরুল বলেছেন— ‘গাই সাম্যের গান, মানুষের চেয়ে নহে কিছু বড়, নহে কিছু মহীয়ান।’ সুতরাং মানুষ হয়ে মানুষের কল্যাণে কাজ করতে হবে।” অনুষ্ঠানে প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিজ্জার চাকমা, সিনিয়র সহকারী সচিব ও শিক্ষা কর্মকর্তা

নাজমা বিনতে আমিন, স্কুল পরিচালনা কমিটির সদস্য এস.এম. জিয়া উল হদা, মোহাম্মদ নুরুল আকবর কাজল, মোহাম্মদ হাবিবুর রহমান এবং ফিরোজ শাহ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮